মুজিবনগরে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মুজিবনগরে তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকালে উপজেলার দারিয়াপুর ফুটবল খেলার মাঠের উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে উপজেলা পর্যায়ের এই ফুটবল খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও উপজেলা যুব উন্নয়ন অফিসার রকিবউদ্দিন উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম হাসান মুস্তাফিজুর রহমান, সাহার আলি।

উদ্বোধনী বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার ও ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল বলেন প্রথমে আমরা ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে এই টুর্নামেন্ট শুরু করি প্রত্যেকটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ের খেলোয়াড়রা ইউনিয়ন ভিত্তিক টুর্নামেন্টে অংশগ্রহণ করেন। সেখান থেকে খেলোয়ার বাছাই করে প্রত্যেকটি ইউনিয়নের দুইটা টিম গঠন করা হয়েছে।

উপজেলা পর্যায়ের খেলায় প্রত্যেকটি ইউনিয়ন থেকে দুটি টিম নকআউট পর্যায়ে অংশগ্রহণ করবে। আমাদের উদ্দেশ্য হলো তৃণমূল পর্যায় থেকে ভালো খেলোয়াড় বাছাই করে উপজেলা পর্যায়ের একটি টিম গঠন করা। সেই সাথে সমাজকে মাদকমুক্ত নেশা মুক্ত এবং মোবাইল গেম থেকে দূরে রাখার জন্য খেলাধুলার মধ্যে নিমজ্জিত করা। আমরা আশা করি তরুণ এবং যুবকদেরকে খেলার মাঠে ফিরিয়ে এনে একটি সুস্থ মাদকমুক্ত যুব সমাজ গঠনে সহায়ক হিসেবে কাজ করা।

উদ্বোধনী খেলায় মোনাখালী ইউনিয়ন বি-টিম এবং দারিয়াপুর ইউনিয়ন বি -টিম প্রতিদ্বন্দ্বিতা করেন। উত্তেজনাপূর্ণ খেলায় মনাখালী ইউনিয়ন বিটিম ৩-০ গোলে দারিয়াপুুর ইউনিয়ন বি-টিম কে পরাজিত করে।

দর্শনায় বৈশাখী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা আকন্দবাড়িয়ায় অনুষ্ঠিত হয়েছে বৈশাখী ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন এবং খেলোয়াড়দের মাঝে ফুটবল ও দাবার সেট বিতরণ অনুষ্ঠান।

বুধবার বিকেল ৫টায় কেরু অ্যান্ড কোম্পানির মাঠে আকন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে আট দলের অংশগ্রহণে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীর।

টুর্নামেন্টের সভাপতিত্ব করেন সাবেক চেয়ারম্যান ও দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক আহম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক আলহাজ্ব মশিউর রহমান, বিএনপি নেতা মোমিনুল ইসলাম, ফরমান আলী, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক ফুটবলার সাইফুল ইসলাম হুকুম, আশরাফুজ্জামান বেল্টু প্রমুখ।

অনুষ্ঠানে ওসি শহীদ তিতুমীর খেলোয়াড়দের মাঝে ফুটবল ও দাবার সেট বিতরণ করেন। অতিরিক্ত একটি ফুটবল উপহার দেন সাইফুল ইসলাম হুকুম।

বক্তারা বলেন, মাদকমুক্ত দর্শনা গড়া এবং যুবসমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলার লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে। তারা বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে মোবাইল আসক্তি থেকে দূরে রাখতে এবং অবসর সময়ে দাবার মতো মানসিক খেলার প্রতি আকৃষ্ট করতে হবে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাউল পরিষদের আহ্বায়ক মনিরুজ্জামান ধীরু।

মেহেরপুরের আশরাফপুরে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন চেয়ারম্যান স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ ফেব্রুয়ারি) বিকেল তিনটার দিকে আশরাফপুর ক্রিকেট টিমের আয়োজনে আশরাফপুর জনকল্যাণ ক্লাব ফুটবল মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় অংশ নেয় বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ ও কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ।

এতে কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর একাদশ চ্যাম্পিয়ন এবং বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার একাদশ রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করে। পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে টুর্নামেন্টের সমাপ্তি ঘটে।

আশরাফপুর ক্রিকেট টিমের অধিনায়ক ইমতিয়াজ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়নের স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোঃ মেহেদী হাসান জনি, মোঃ বিপ্লব আহমেদ, মোঃ তুষার আহমেদ, মোঃ মিলন হালসনা প্রমুখ।

জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টে গাংনী উপজেলা চ্যাম্পিয়ন

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৬ জানুয়ারি) বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বাস্কেট বল গ্রাউন্ডে মেহেরপুর সদর ও গাংনী উপজেলা পর্যায়ের অংশগ্রহণে এই ফাইনাল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্যে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে এবং ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ফাইনালে গাংনী উপজেলা বাস্কেটবল দল ৬২-১৬ পয়েন্টের বিশাল ব্যবধানে মেহেরপুর সদর উপজেলা বাস্কেট বল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় টূর্ণামেন্টের শ্রেষ্ট খেলোয়ার নির্বাচিত হয়েছেন বিজয়ী দলের খেলোয়ার জাহেদুল ইসলাম জনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা বিআরডিবি অফিসার
অনুষ্ঠানের সাবির্ক দায়িত্ব পালন করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ আতর আলী।

সমাপনী অনুষ্ঠানের শুরুতে জুলাই আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শাহাদতবরণকারী শহিদদের রূহের মাগফেরাত এবং আহত ছাত্র-জনতার রোগমুক্তি কামনায় প্রার্থনা করা হয়।

পুরস্কার বিতরন শেষে বিজয়ী দল ও খেলোয়াড়দের আন্তরিক অভিনন্দন জানানোর পাশাপাশি আয়োজন সফল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন অতিরিক্ত জেলা প্রশাসক।

এসময় বক্তরা বলেন, পড়ালেখা ছাত্রদের প্রধান কাজ হলেও খেলাধুলা

আমাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য দুটো গঠনে ভুমিকা রাখে। জাতীয় পর্যায়ে এই আয়োজন তরুন সমাজের দেশ গঠনে ভূমিকা রাখবে এবং আমাদের ক্রীড়ামোদী একটা সমাজ গড়ে তুলতে ভূমিকা রাখবে।

মেহেরপুরে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ বালক বালিকা উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ জানুয়ারি) সকাল ১০ টার দিকে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে জেলা স্টেডিয়াম এ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষাও আইসিটি) মোঃ রনি আলম নূরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।বি শেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার পিপিএম মাকসুদা আকতার খানম।

জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদের সঞ্চালনায় এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, জেলা শিক্ষা অফিসার মোঃ হযরত আলী, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, জেলা পরিবেশ অধিদপ্তর সহকারী পরিচালক মোঃ মোজাফফর খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে তারুণ্যের উৎসব উদযাপনে ব্যাডমিন্টন টুর্নামেন্ট

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেল চারটার দিকে অনুষ্ঠানে আয়োজনে মেহেরপুর সদর উপজেলা পরিষদ চক্করে ব্যাডমিন্টন টুর্নামেন্ট খেলা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নূর, প্রকল্প বাস্তবায়নে সাইদুর রহমান এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান ওয়াহেদ হাসান, সহ-শিক্ষক ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

“মাদককে না বলি, মাদক মুক্ত সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহ প্রিমিয়ার লিগ সিজন-৩ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২০ জানুয়ারি) সকাল সাড়ে ১১ টাই রেভু্◌্যলেশন স্পোর্টিং ক্লাব এর উদ্যোগে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে খেলার শুভ উদ্বোধন করেন উপ-প্রধান সম্পাস্মরণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আব্দুল মোত্তাবিল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন , আইপি জেলা ক্রিয়া অফিসার মোঃ মিজানুর রহমান , জেলা ক্রিকেটার দলের সাবেক অধিনায়ক হাসান শরীফ সবার। সভাপতিত্ব করেন রেভু ◌্যলেশন স্পোর্টিং ক্লাবের সভাপতি জাহাঙ্গীর কবির তুহিন। অনুষ্ঠানটি সঞ্চালন করেন রেভু ◌্যলেশন স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক ডাক্তার আরিফ মুহাম্মদ।

আয়োজক সূত্রে জানায় উক্ত খেলায় ২৪টি দল অংশগ্রহণ করবেন। উদ্বোধনী শহীদ জিয়া স্পোর্টিং ক্লাব ও ক্ষ্যাপা লক্ষ্মীপুর মাগুরায় স্পোর্টিং ক্লাব উদ্বোধনী ম্যাচে খেলেন।

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টোডিয়ামে এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

শুরুতে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলন করা হয়। পরে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। পরে আলোচনা সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর মোরশেদ , অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান , সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

উদ্বোধনী ম্যাচে বালিকা দলে মুখোমুখি হয় কোটচাঁদপুরের বলরামপুর মুরুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও লেবুতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়। আর বালক দলে প্রতিদ্বন্দ্বীতা করে সদর

উপজেলার বড় কামাড়কুন্ডু সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কোটচাঁদপুরের বলুহর সরকারি প্রাথমিক বিদ্যালয়। দিনভর খেলা উপভোগ করেন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।

আয়োজকরা জানায়, বুধবার থেকে শুরু হওয়া এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে আগামী ১১ জানুয়ারি। টুর্নামেন্টে জেলার ৬ উপজেলার ১২ টি দল অংশগ্রহণ করবে।

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট (বালক ও বালিকা) উদ্বোধন করা হয়েছে।

সোমবার (৬ জানুয়ারি) সকাল ৯টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসনের আয়োজনে ও প্রাথমিক শিক্ষা অফিসের সহযোগিতায় এ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বেলুন উড়িয়ে খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন এবং বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসের সহকারী শফিকুল রহমান, জহুরুল হক, এহসানুল হাবীব, আশরাফুল আলম এবং ওবায়দুল্লাহ।

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টে ৯ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হয়েছে। আজ রবিবার দুপুরে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

এ সময় একদিকে অংশগ্রহণ করে ২ নাম্বার ওয়ার্ড অপরদিকে অংশ গ্রহণ করে ৯ নম্বর ওয়ার্ড। ২ নাম্বার ওয়ার্ড প্রথমে ব্যাটে গিয়ে ৯০ রানের টার্গেটে ৯ নম্বর ওয়ার্ড জয় লাভ করে।

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাসসহ অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর পৌর ওয়ার্ল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা সমাপ্তি করেন।

উল্লেখযোগ্য মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ড থেকে ৯টি দল অংশগ্রহণ করে। এই মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজনকে ঘিরে মেহেরপুর পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা গেছে।